

ফেনী জেলাধীন ফুলগাজী উপজেলার সংগ্রহ ও মনিটরিং কমিটির সভার কার্যবিবরণী

সভাপতিঃ জনাবা আশরাফুন নাহার
উপজেলা নির্বাহী অফিসার, ফুলগাজী, ফেনী।

সভার স্থানঃ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ফুলগাজী, ফেনী।


সভার তারিখঃ ১০/০৫/২০২২ খ্রিঃ সময়ঃ সকাল ১১.০০ টা

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। সভার প্রারম্ভে উপজেলা খাদ্য নিয়ন্ত্রক তথা সদস্য সচিব উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি অভ্যন্তরীণ বোরো ধান সংগ্রহ অভিযান-২০২২ এর অধীনে সরকারি অভ্যন্তরীণ খাদ্যশস্য নীতিমালা-২০১৭ ও অন্যান্য সরকারী নির্দেশাবলী যা খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নম্বর: ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০১.২২.৭২ তারিখ: ১৯ এপ্রিল ২০২২, খাদ্য অদিদপ্তরের স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৪২৯.২২.৮৭ তারিখ: ২১ এপ্রিল ২০২২ এবং জেলা খাদ্য নিয়ন্ত্রকের স্মারক নম্বর: ১৩.০৩.১৯০০.০০৩.৪৫.০০৭.১৮.৮৪২ তারিখ: ২৭/০৪/২০২২ খ্রি. মোতাবেক উপজেলাওয়ারী ধান সংগ্রহের বিভাজন উপস্থিত সকলকে পড়ে শুনান। তিনি সভাকে আরো জানান যে, ফুলগাজী উপজেলায় বরাদ্দকৃত ধানের পরিমাণ ৫৬৩.০০০ মেঃটন। প্রতিকেজি ধানের সংগ্রহ মূল্য ২৭/-টাকা। ধান সংগ্রহের জন্য স্থানীয় খাদ্য গুদামে প্রয়োজনীয় ব্যবস্থা রাখা হয়েছে। সংগ্রহের সময়সীমা ২৮ এপ্রিল ২০২২ হতে ৩১ আগস্ট ২০২২ খ্রি: পর্যন্ত। ধানের মূল্য সরাসরি কৃষকের ব্যাংক একাউন্টের মাধ্যমে পরিশোধ করা হবে। উপজেলার বরাদ্দকৃত ৫৬৩.০০০ মেঃ টন ধান সংগ্রহের জন্য সর্বোচ্চ সংখ্যক কৃষককে সুযোগদানের লক্ষ্যে ফুলগাজী উপজেলায় বোরো চাষীদের তথা কৃষকের একটি পূর্ণাঙ্গ তালিকা প্রয়োজন। সভায় উপজেলা কৃষি অফিসার কর্তৃক জানানো হয় যে, ফুলগাজী উপজেলায় বোরো ধান কাটা শুরু হয়েছে এবং কৃষকের তালিকা প্রণয়নের কাজ চলমান রয়েছে, যা শীঘ্রই সরবরাহ করা সম্ভব হবে। সভাপতি মহোদয় জানান যে, সরকারী লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রকৃত বোরো চাষীর তালিকা এবং সরকারী গুদামে ধান বিক্রি করতে আগ্রহী কৃষকের তালিকা সর্বাত্মক প্রয়োজন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা কমিটি কর্তৃক সর্বসম্মত ভাবে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

সিদ্ধান্তঃ

১. অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা-২০১৭ অনুযায়ী সরকারী বিনির্দেশ মোতাবেক ধান সংগ্রহ করতে হবে।
২. ফুলগাজী উপজেলার প্রকৃত বোরো চাষীর তালিকা এবং সরকারী গুদামে ধান বিক্রি করতে আগ্রহী কৃষকের তালিকা প্রয়োজন বিধায় তদানুযায়ী কৃষকের পূর্ণাঙ্গ তালিকা আগামী ৫(পাঁচ)দিনের মধ্যে সরবরাহ করতে উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা যাচ্ছে।
৩. গুদামে ধান বিক্রি কালে কৃষককে অবশ্যই কৃষি কার্ড ও এনআইডি কার্ড সাথে আনতে হবে।
৪. কৃষি অফিস থেকে প্রাপ্ত কৃষকের তালিকা অনুযায়ী প্রতিজন কৃষক হতে নীতিমালা-২০১৭ অনুযায়ী সর্বোচ্চ ৩ (তিন) মেঃ টন ধান ক্রয় করা হবে, তবে ' আগে আসলে আগে পাবেন ' ভিত্তিতে এ সিদ্ধান্ত কার্যকর হবে।
৫. কোন অবস্থাতেই ফড়িয়া/ব্যবসায়ী/ মধ্যস্বভোগীদের নিকট হতে ধান ক্রয় যাবে না।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।



(আশরাফুন নাহার)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি
ফুলগাজী, ফেনী।

স্মারক নং ১৩.০১.৩০৪১.০০১.১৬.০০৩.২২.১৩৯৩

তারিখঃ ১০/০৫/২০২২ খ্রি.

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ

- ১। মাননীয় সংসদ সদস্য, ফেনী ১ আসন
- ২। জেলা প্রশাসক, ফেনী।
- ৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, ফেনী।
- ৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলগাজী, ফেনী।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, ফুলগাজী, ফেনী।
- ৬। জনাব আবুল আলম আজমীর, কৃষক প্রতিনিধি, দরবারপুর, ফুলগাজী, ফেনী।
- ৭-৯। উপজেলা কৃষি/পল্লী উন্নয়ন/মহিলা বিষয়ক অফিসার, ফুলগাজী, ফেনী।
- ১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ফুলগাজী খাদ্য গুদাম, ফুলগাজী, ফেনী।


উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
সদস্য সচিব
উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটি
ফুলগাজী, ফেনী।